

সাকুলার নং-বিজিএ/শ্রম/২০২৪/১০৮

৩ জুন, ২০২৪

“অতিব জরুরী”

সকল সম্মানিত সদস্যদের জন্য

বিষয়ঃ নিখোঁজ নারী শ্রমিকের তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

পুলিশ সুপারের কার্যালয়, পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই), ঢাকা জেলার নিকট থেকে প্রাপ্ত পত্র থেকে জানা যায় যে, বিগত ২৫/০১/২০২২ তারিখে ঢাকা জেলার ধামরাই থানা ও ফরিদপুর জেলার কোতয়ালী থানা এলাকায় এবং ৩১/০১/২০২২ তারিখে সাভার মডেল থানা এলাকায় একজন অজ্ঞাত নারীর খন্ডিত দেহ পুলিশ কর্তৃক উদ্ধার হয়। ডিএনএ পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হওয়া গিয়েছে যে উদ্ধারকৃত খন্ডিত তিনটি অংশ একই নারীর। অজ্ঞাত নারীর বয়স আনুমানিক (১৫-২৫) বছরের মধ্যে হবে। উক্ত নারীর পরিচয় এখনও সনাক্ত হয়নি।

উক্ত অজ্ঞাত নারীর ছবি আপনার কারখানার দৃশ্যমান জায়গায় টানিয়ে দেয়াসহ উক্ত ছবির নারীকে কেউ চিনে কিনা তা কারখানার সকল শ্রমিককে অবহিত করাসহ আপনার কারখানা হতে গত ডিসেম্বর/২০২১ এবং জানুয়ারী/২০২২ মাসে নিখোঁজ নারী শ্রমিকের (যাদের সন্ধান এখনও পাওয়া যায়নি) তথ্য প্রদান করে তদন্তে সহযোগীতা করার জন্য পিবিআই থেকে বিজিএমইএকে অনুরোধ জানানো হয়েছে।

অতএব, উল্লেখিত অজ্ঞাত নারীর ছবি আপনার কারখানার দৃশ্যমান জায়গায় টানিয়ে দেয়াসহ উক্ত ছবির নারীকে কেউ চিনে কিনা তা কারখানার সকল শ্রমিককে অবহিত করাসহ আপনার কারখানা হতে গত ডিসেম্বর/২০২১ এবং জানুয়ারী/২০২২ মাসে নিখোঁজ নারী শ্রমিকের (যাদের সন্ধান এখনও পাওয়া যায়নি) তথ্য পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই), ঢাকা জেলা, বাড়ী # ৩৫, রোড # ১৪, সেক্টর # ১২, উত্তরা, ঢাকায় (মোবাইল- ০১৭১৯-৫০৩৯২৫, ০১৮১৯-৮৯২৯২০, ০১৭১২-২৩৪৫১৮, ০১৭১৭-৭৬১৮২১) অথবা বিজিএমইএ অফিস, বিজিএমইএ কমপ্লেক্স, উত্তরা, ঢাকায় প্রেরণ করার জন্য অনুরোধ করছি।

এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,


সোঃ ফয়জুর রহমান
মহাসচিব

সংযুক্তিঃ পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই), ঢাকা জেলা কর্তৃক প্রেরিত অজ্ঞাতনামা নারীর ছবি।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

অজ্ঞাত নারীর পরিচয় দিন



নৃশংস হত্যাকাণ্ডের শিকার অজ্ঞাত নারীর পরিচয় সনাক্ত করতে সহায়তা করুন।

সূত্র ৪ সাভার মডেল থানার মামলা নং- ০৩, তারিখ- ০১/০২/২০২২
খ্রিঃ খারা- ৩০২/২০১/৩৪ পেনাল কোড।

উপরোক্ত ছবির অজ্ঞাতনামা মেয়েকে গত ২৫/০১/২০২২ ইং তারিখ এর পূর্বে যে কোন সময় নির্মমভাবে হত্যা করে লাশটিকে ০৩ (তিন) খন্ড করে। উক্ত লাশের মধ্যাংশ (একটি হাত সহ) সাভার মডেল থানাধীন বনগাঁও এলাকায়, লাশের কোমর থেকে পা পর্যন্ত অংশ খামরাই থানাধীন বড় চন্দ্রাইল এলাকায় ফেলে রেখে যায়। মাথাসহ আরেকটি হাত একটি লাগেজে ভরে ফরিদপুর জেলার কোতোয়ালী থানাধীন, বিলনালিয় গ্রামের চক/মাঠের মধ্যে ফেলে কেরোসিন জাতীয় পদার্থ দ্বারা আগুন লাগিয়ে পুড়িয়ে দেয়।

ভিকটিমের বর্ণনাঃ মেয়েটির গায়ের রং কুর্সা, বয়স অনুমানঃ ১৬-৩৫। গত ২৫/০১/২০২২ ইং তারিখের পূর্ববর্তী সময়ে যদি কোন পরিবারের বা এলাকার কোন মেয়ে নিখোঁজ বা হারিয়ে যেয়ে থাকে বা কলেজ/বিশ্ববিদ্যালয়/গার্মেন্টস বা যেকোন প্রতিষ্ঠান হতে নিখোঁজ হয়ে অদ্যাবধি কোন সন্ধান পাওয়া যায় নাই, এমন তথ্য থাকলে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

যোগাযোগের ঠিকানা



পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) ঢাকা জেলা।
বাড়ী নং- ৩৫, রোড নং- ১৪, সেক্টর- ১২, উত্তরা, ঢাকা।



মোবাঃ ০১৭১৯৫০৩৯২৫, ০১৮১৯৮৯২৯২০, ০১৭১২২৩৪৫১৮, ০১৭১৭৭৬১৮২১।